সমকাল ২১.০৩.১৭

মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

# গ্রামে বাড়ি বানাতেও লাগবে ছাড়পত্র

■ সমকাল প্রতিবেদক

নগরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যে কোনো উন্নয়নকাজে ভূমি ব্যবহারে সরকারের নির্দিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে ছাড়পত্র নিতে হবে। নিয়ম না মানলে সর্বোচ্চ পাঁচ বছরের জেল ও ৫০ লাখ টাকা জরিমানা করা হবে। এমন বিধান রেখে নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৭-এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ ছাড়া ২৫ মার্চকে গণহত্যা দিবস ঘোষণার আনুষ্ঠানিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দিবসটি আন্তর্জাতিকভাবে পালনের জন্য জাতিসংঘে প্রস্তাব পাঠানো হয়েছে। মন্ত্রিসভা শততম টেস্টে শ্রীলংকার বিপক্ষে অবিস্মরণীয় জয়ে বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছে।

গতকাল সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। নগর ও অঞ্চল পরিকল্পনা আইন প্রসঙ্গে তিনি বলেন, কৃষিজমি সুরক্ষায় দেশের ভূমি ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনা হচ্ছে। পরিকল্পিতভাবে যেন ভূমির ব্যবহার করা হয়, সে জন্য আইনে অনেক প্রস্তাব রয়েছে। সচিব বলেন, প্রতিবছর ১ শতাংশ করে কৃষিজমি কমে যাচ্ছে। সেটা রোধ করতে হবে।

সচিব জানান, গৃহায়ন ও গণপূর্তমন্ত্রীর নেতৃত্বে ২৭ সদস্যের উচ্চ পর্যায়ের জাতীয় উপদেষ্টা পরিষদ গঠনের প্রস্তাব রয়েছে। ■ পৃষ্ঠা ৪ : কলাম ৭